

ଫୋଟୋର କୁଳ

ମାଟିକ

ଆଧୀରେନ୍ଦ୍ରନାଥ ମୁଖେପାଞ୍ଜୀଯ

କୁଳମହିଳା

ପ୍ରଥମ ଅଭିନ୍ନ—୧୯ଶେ ମାର୍ଚ୍ଚ, ୧୯୪୨

ଷ୍ଟ୍ରୋଣ୍ଡ ବୁକ କୋମ୍ପାନୀ
୨୧୬ନଂ କର୍ଣ୍ଣୋଲିମ୍ ଟ୍ରୀଟ,
କଲିକାତା ।

প্রকাশক—

শ্রীঅমৃল্যকুমাৰ চট্টোপাধ্যায়

* ২১৬নং কৰ্ণওয়ালিশ স্ট্ৰীট,

কলিকাতা।

B1182



দাম—পাঁচসিকা।

প্রিণ্টাৰ—আধুনিক প্ৰেছ
কুড় প্ৰিণ্টিং ও প্ৰক্ৰিয়া
৬৬, মাণিকগতী স্ট্ৰীট,
কলিকাতা।

উৎসর্গ

আমাৰ বড় আদৱেৱ

:অমল ও মহুকে

দিলাম

নাটকের ভূমিকা লেখার একটা ট্রাডিশান আজকাল আমাদের গড়ে' উঠেছে। যে রঙমন্ত্রে নাটক অভিনীত হয়, তা'র মালিক থেকে স্বীকৃত করে' সিফ্টার পর্যন্ত সকলকে দফায় দফায় কুতুজ্জ্বত্তা জানানৈই হয়েছে ভূমিকা লেখার দস্তর। নাট্য-জগতে কৃপার পাত্র যদি কেউ থাকে,—সে নাট্যকার ; তা'র নাটকখানি অভিনয় করে' সকলে তাঁকে বে অপরিসীম দয়া করেছেন, তার জন্য তাঁর কুতুজ্জ্বত্তার অন্ত না পাকাই উচিত। কিন্তু, নাট্যকার এবং নাটক না হলে রঙমন্ত্র চলে না। এবং নাটকের সু-পরিচালনা এবং সু-অভিনয়ের উপর নাট্যকারের চেয়ে বেশী নির্ভর করে রঙমন্ত্রের ভবিষ্যৎ। তথাপি, যে বেচারী জনে জনে এত কুতুজ্জ্বত্তা বিতরণ করেন তা'র জন্য তাঁ'র কাছে আর কারও কুতুজ্জ্বত্ত হওয়া! উচিত কি না, সে প্রশ্নের জবাব কে দেবে ?

নাটকের বিষয়-বস্তু সমন্বে যদি কোন কৈফিয়ৎ দেওয়ার থাকে, তা'র জন্যই হয় ভূমিকার প্রয়োজন। কিন্তু, আমার মনে হয়, অঙ্কের পর অঙ্ক, এবং দৃশ্যের পর দৃশ্য সাজিয়েও যে নাটকের বিষয়বস্তুকে সুস্পষ্ট করা যায়নি, তা'র ভূমিকা না লিখে' অর্গ-পুস্তক লেখ্বার জন্য বটতলার শরণাপন্ন হওয়াই উচিত। অবশ্য, বার্গার্ড শ'-এর ভূমিকা তাঁর নাটকের চেয়েও বৃহৎ। কিন্তু তাঁর নাটক আর ভূমিকার সীমা-রেখা কোথার, তা' আজ পর্যন্ত বুঝে' ওঠা যায়নি !

'শ্রোতের ফুলের' বিষয়-বস্তু নাটকের ভিতরেই যথেষ্ট সুস্পষ্ট বলে' আমার ধারণা। কাজেই, তা'র ভূমিকার আবশ্যক আছে বলে' আমার মনে হয় না। এবং সেই কথাটি বল্বার জন্যই আমার এই ভূমিকা !

কপায়তন, বেলগাহিয়া,

কলিকাতা।

রামনবমী, ১৩৪৮

শ্রীরঞ্জনাথ মুখোপাধ্যায়

চরিত্র

পুরুষ

শার উমাশঙ্কর	...	অভিজাত প্রৌঢ়
নিধিল	...	উমাশঙ্করের জামাতা
প্রশান্ত	...	নিধিলের বকু
যোহিত	...	নৃত্য-শিক্ষক
তিমির	...	সঙ্গীত-শিক্ষক
বাসবিহারী	...	তবলা-বাদক
মিঃ দাস	...	নিলামওয়ালা
অসীম	...	উমাশঙ্করের পুত্র
সতীশ	...	ভজলোক

মহিলা

প্রতিভা	...	সন্ত্রান্ত মহিলা
ডলি	...	উমাশঙ্করের বড় মেঘে
লুসি	...	” ছোট মেঘে
নৌজা	...	কলাভবনের সভ্যা
শান্তি	...	” ”
ইলা	...	” ”

সংগঠনকারীগণ

পরিবেশক	...	শ্রীশরৎচন্দ্র চট্টোপাধ্যায়
নাট্যকার	...	” ধীরেন্দ্রনাথ শুখোপাধ্যায়
স্বরশিল্পী	...	” ধীরেন দাস
নৃত্যশিল্পী	...	” এজবল্লভ পাল
মঞ্চশিল্পী	...	” মনীকুন্দ দাস (নাহুবাৰু)
মঞ্চাধ্যক্ষ	...	” মতিলাল সেনগুপ্ত
আহার্য-সংগ্রাহক	...	” কুলদা গুপ্ত
পরিচালক	...	” প্রভাত সিংহ
সঙ্গীত শিক্ষক	...	” রাধাচরণ ভট্টাচার্য
হারমেনিয়াম	...	” হরিদাস শুখোপাধ্যায়
পিয়ানো	...	” সুধীরাজ চন্দ্র দাস (ভঙ্গুল)
সঙ্গত	...	” পূর্ণচন্দ্র দাস
ক্লারিওনেট	...	” শ্রদ্ধিলু ঘোষ
ট্রামপেট	...	” বৃন্দাবন দে
চেলো	...	” ক্ষীরোদ গাঙ্গুলী
বেহালা	...	” কালী সরকার
এম্প্লিফায়ার	...	মধুমূদন আচ্য ও মদন মোহন আচ্য

আঙ্গোক-সম্পাদকারীগণ— শ্রীবিভূতি রায়, শচীন ভৌমিক, মদন দাস,
শ্রাম্পদ কর।

কল্পমঞ্জুকারী— শ্রীরাধাল চন্দ্র পাল, বিভূতি দাস, তারাপদ দাস।

স্মারক— শ্রীশচীন ভট্টাচার্য, অধীর ঘোষ।

মঞ্চস্থায়ীকরুণা— শ্রীকেশবচন্দ্র ঘোষ, ভুবন দাস, ভূষণ সামুত্ত,
গোরীরাম কুৰ্ম্মা, গোপাল দাস, রাম চন্দ্র ঘোষ, ভানু মাইতি,
সুবল সাধুখন্দি।

প্রথম অভিনয় রাজনীর অভিনেত্রণ

উমাশঙ্কর	...	রবি রায়
নিখিল	...	প্রভাত সিংহ
প্রশান্ত	...	শ্রুৎ চট্টোপাধ্যায়
মোহিত	...	ভূমেন রায়
তিথির	...	জহর গাঙ্গুলী
রামবিহারী	...	বেচু সিংহ
মিঃ দাস	...	প্রফুল্ল দাস
অসীম	...	দেবী চক্রবর্তী
সতীশ	...	গোপাল শুখেপাধ্যায়
বে়ুরা	...	দেবীতোধ রায়চৌধুরী
বয়	...	গণেশ
মিসেস প্রতিভা সেন	...	বেলা রাণী
ডলি	...	পদ্মা বৰতী
লুসি	...	শ্রেফালিকা
নীলা	...	রেবা দেবী
শাস্তি	...	ব্রহ্ম ব্যানার্জী
ইলা	...	রাণু দেবী
সত্যাগণ—রেখা, রমা, আশা, ছলালী, বীণা ও ইন্দু		

স্নেতের শুল্প

প্রথম অঙ্ক

প্রথম দৃশ্য

আর উমাশঙ্করের বাড়ীর নাচ-ঘর। বহু
নিমিত্তিত স্ত্রী-পুরুষ উপস্থিত। ‘ভারতী কলা-
ভবনের’ মেয়েদের একটা প্রোগ্রাম চলিতেছে।
শাস্তি নাচিতেছিল—তাহার নাচ শেষ হইবার
সঙ্গে সঙ্গে—

সকলে—সুন্দর ! Beautiful !

মোহিত—শাস্তির নাচ দেখলে Evolution-এর মানে বোঝা যায়।

তিথির—এটা ঠিক তোমার প্রশংসা হলো না কিন্তু, শাস্তি !

মোহিত—কেন ?

তিথির—Evolution-এর কথা উঠলেই Darwin সাহেবকে মনে পড়ে।

আর, সেই সঙ্গে যে জীবটিকে মনে পড়ে, তার কি রূপ, কি
শুণ, কোনটার প্রশংসাই এ বাবত কখনও কেউ করেন।

লুসি—বানরের আর যে কোন গুণই থাকুক না কেন, তা'র নাচের তারিফ
কেউ কখনো করেছে বলে শুনিনি।

নৌলা—কিন্তু, তা'র কলা-অঙ্গুরাগের কথাও কি শোনিনি, লুসি-দি।

লুসি—তবেছি, কিন্তু সে কদলীর লিষ্টে নৃত্যকলার নাম নেই।

তিথির—এটা তোমার ভুল লুসি ! 'বানর নাচ বলে' যে জনিসটা আছে—

শ্রোতৃর কুল

লুসি—তা'তে নাচ থাকতে পারে, কিন্তু কলা নেই। কারণ, বানরের
এক্সপ্রেশন যদি কোথায়ও থাকে, সে কেবল শুধে, হাতেও
নেই, পায়েও নেই।

মোহিত—আমিও ঠিক এই কথাটাই বলতে চেয়েছিলাম। এতদিন
আমরা যে-নাচ দেখে এসেছি, থিমেটারী নাচ,—পাঁচের পা,
সাতের তেহাই,—তা'তে রাইম হয়তো ছিল, কিন্তু expression
ছিল না। শাস্তির নাচে আছে expression, কিন্তু খটাখট
ছাত পেটা নেই।

উষা—আগেকার নাচে expression ছিল না, এ কথা ঠিক নয় মোহিত।
থিমেটারী নাচের কথা আলাদা। কিন্তু বাঙ্গজীদের নাচ তুমি
দেখনি, চমৎকার তাদের expression !

মোহিত—তা' দেখবার শুয়োগও আমার দু-একবার ঘটেছে। তাদের সে
expression নাচের নয়, সমজদারের কাছ থেকে পরস্পা
আদায়ের জন্য চোখের ও হাতের একটা বিশেষ কসরত মাত্র।

রাস—অর্থাৎ দুনিয়ার নাচতে জানো কেবল তুমি। খুব যা' হোক।
বাঙ্গজীর নাচ দেখলে কোথায় ? দেখতে যদি লঙ্ঘোঝের কেশরী
বাঙ্গজীর নাচ—

মোহিত—থাম রাসবিহারী, তোমার লঙ্ঘোঝের কেরামতির গন্ধ শুনে
শুনে অকুচি হয়ে গেছে। ভ্যাগাব্যাণ্ড হয়ে রাস্তার রাস্তার
ধূরে বেড়িয়ে, এখানে এসে বাঙ্গজীর নাচের গন্ধ শোনাচ্ছ !
তা'দের গেট কখনও ডিঙেতে পেরেছ ?

রাস—তা'র তুমি কি জানবে ? কত আসবে কেশরী বাঙ্গজীর সহে
সঙ্গত করেছি জানো ?

ଶ୍ରୋତେର କୁଳ

ମୋହିତ—ହଁ ! ଆର ଲୋକ ପାଯନି—ତୋମାକେ ଡେକେଛେ ସଙ୍ଗତ କରନ୍ତେ !
ରାମ—ପାବେ ନା କେନ ? ବାଜିରେ ଛିଲ ଅନେକ, କିନ୍ତୁ ଏହି ରାମବିହାରୀ ନା
ହ'ଲେ କେଶରୀ ବାଙ୍ଗିଯେର ନାଚ ହତୋ ନା ! ଆମାର ଘତ ଲମ୍ବଦାରୀ
ବାଜନା ବାଜାକୃ ଦେଖି କ'ଟା ଲୋକେ ପାରେ ! ଏ ବାବା ସରୋମାନା
ବୋଲ, ସରୋମାନା ତେହାଇ । ସେମନ ତେମନ ଉତ୍ସାଦେର କାହେ
ଶେଥା ନମ୍ବ । କେଶରୀ ବାଙ୍ଗି ତୋମାର ଘତ ବେତାଳା ନାଚ୍ତ ନା, ତାଇ
ତା'ର ରାମବିହାରୀକେ ଦରକାର ହତୋ—

ମୋହିତ—Shut up, you stupid !

ଉମା—ଆହା, ଏ ତୋମରା କି ଆରଣ୍ୟ କରଲେ, Order, order !

ରାମ—ଦେଖୁନ ନା, ଆମାର ଉତ୍ସାଦେର ନିନ୍ଦେ କରେ ! ଆମି ଓକେ—

ମୋହିତ—Well, come on—

ନିଧିଲ ପ୍ରହାନୋଡ଼ତ

ଉମା—Sit down, sit down ! ଓକି ନିଧିଲ, ଉଠଛ ଯେ !

ନିଧିଲ—ହଁ ।

ଉମା—ଏଥନାହ ଆବାର ପ୍ରୋଗ୍ରାମ ଆରଣ୍ୟ ହବେ । [ନିଧିଲ ଚଲିଲ]

ତୋମାର କୋନ ଅମୁଖ ବିମୁଖ କରେନି ତୋ ?

ନିଧିଲ—ନା ।

ଉମା—ତବେ ଉଠଛୋ କେନ ? ବସୋ ନା !

ନିଧିଲ—ନା, ଆମାର ମାଥାଟା—

ଉମା—ମାଥା ଧରେଛେ ? ଏକଟୁ ଅଡ଼ିକୋଲନ—

ଡଲି—ଓ ଅଡ଼ିକୋଲନେର କାଜ ନମ୍ବ ବାବା, ମଧ୍ୟମନାରାମଣେର ଦରକାର—

ନିଧିଲ—ଉତ୍ସ-ମଧ୍ୟମେର ପ୍ରମୋଜନ ଆମାର ନେଇ ଡଲି । ସାଦେର ଦରକାର,
ହୁଅ ଏହି, ଯେ ତାଦେର ତା' ଦେଓମାର ଲୋକ ନେଇ !

ପ୍ରହାନ

জ্বোতের কুল

সতীশ—লোকটা তো বড় গোমার ।

উমা—গোমার ঠিক নয়, তবে একটু খেয়ালী ।

মোহিত—একটু নয়, অনেকখানি ! খেয়ালের মাত্রাধিক্য হ'লেই তা'কে
পাগলামো বলে ।

উমা—ষাদের পয়সা আছে, খেয়াল তাদের একটু অধিক মাত্রায় থাকেই
মোহিত !

সতীশ—ওর বুবি খুব পয়সা আছে !

উমা—হাঁ, লঙ্ঘপতি !

সতীশ— লঙ্ঘপতি !—ভদ্রলোকটি কে ?

উমা—আমার জামাই ।

লুসি—চেনেন না ? উনি আমার বাবার জামাই—মানে, আমার:
ভগিনীপতি ।

নীলা—ডলি-দির স্বামী ?

লুসি—অবিকল ।

তিমির—লঙ্ঘপতি বিয়ে করেছেন বড় নাইটের মেয়ে !

উমা—ডেঁপো ছেলে—

উমাশঙ্করের প্রস্তান

লুসি—নিজে গোণেন কড়িকাঠ, বউ বেড়ায় নেচে-গেয়ে ।

ডলি—ডেঁপো মেয়ে—

নীলা—ডলি-দির স্বামী ? আশ্চর্য তো !

লুসি—আশ্চর্যের কিছুই নাই । ডলি-দির স্বামী হ'লে আশ্চর্য হওয়ার
কথা ছিল : কিন্তু তা'তো নয়,—উনি ডলি-দির ব্যাক !—
এই মাত্র ।

শ্রোতৃর কুল

ডলি—কি জ্যাঠামো কচ্ছিস্ত লুসি !

লুসি—মাপ করো ডলি-দি, ভুলে গিয়েছিলাম যে তুমি আমার দিদি, আর
আমি তোমার হ'বছরের ছেট ।

শান্তি—মিছেই তুই ঠাট্টা কচ্ছিস্ত লুসি, অমন স্বামী পাওয়া ভাগ্যের কথা ।

লুসি—কোনই সন্দেহ নেই । কিন্তু অমন ব্যাক পাওয়াও কম ভাগ্যের
কথা নয় শান্তি,—যে ব্যাকে ডিস্ট্রিবিউটরি হওয়ার কোনই
আশঙ্কা নেই ।

তিমির—সে কথা ঠিক, একটা স্বামী-ব্যাক থাকলে আর dishonoured
হওয়ার ভয় নেই ; বে-পরোয়া unlimited company নিম্নে
float করা চলে, ডোব্বার আশঙ্কা নেই ।

মোহিত—খালি তোমাদের পরচর্চা—

লুসি—জগতের সকল চর্চাই যে পরচর্চা মোহিত বাবু ! আপনার চর্চা
করে কেবল হ-একজন,—যেমন আপনি ।

মোহিত—কেন, নিখিল বাবু । তিনি তো জগতের কোন ধারাই ধারেন না,
নিজেকে নিম্নেই নিজে আছেন ।

লুসি—কিন্তু, নিজের চর্চা তো তিনি করেন না । হ্যাম্পলেটের সম্মে
নেপোলিয়ানকে এক কড়ায় চাপিয়ে তাঁতে টল্টেরের কোড়ন
দিলে যে পদ্ধার্থটি তৈরী হয়, সেইটিই নিখিল-দা ।

সতীশ—বড় অঙ্গুত খিঁচুড়ি তো !

মোহিত—হাঁ, মোগলাই বিরিয়ানিকেও হার মানিয়ে দেয় ।

ডলি—নে লুসি, এইবার চল ।

মোহিত—সে কি ? এরই মধ্যে ?

ডলি—আমার আর তালো লাগ্ছেনা ।

জ্বোতের ঝুল

মোহিত—ভালো লাগছে না কি ! এইবার যে তোমার প্রোগ্রাম !

ডলি—কি করে' থাক্ব বল, ওদিকে যে শূল-বেদনা ধরেছে !

লুসি—কা'র শূল-বেদনা ধরল ? তোমার না নিখিল-দার ? (হাস্য)

মোহিত—আহা, বেচারী ! দাঢ়াও, চঢ় করে আমি প্রোগ্রাম শেষ করে' দিছি ! তোমার নাচটা হ'য়ে গেলেই—

ডলি—আমি নাচ্ব না !

মোহিত—তা'হলে এস শাস্তি,—go on !

শাস্তি—কেন ? নাচ'বে না কেন ? আগাগোড়া আমাকেই নাচ্তে হবে ? আমি পার্বনা !

মোহিত—বোঝনা কেন শাস্তি, ডলি নাচলে নিখিলবাবু হয়তো রাগ করবেন।

শাস্তি—রাগ করবেন ? কেন, নাচ শিখতে আপত্তি নেই, আর মেজাজ .
থারাপ হবে নাচতে দেখলে, সে হবেনা শুকে নাচতে হবে।

মোহিত—বড় একগুঁয়ে তুমি শাস্তি, কথা বললে বোঝনা।

শাস্তি—বুব্বনা কেন ? বুবি সবই। ডলি-দি অমন নাচতে পারে,
অথচ নিজের বাড়ীতে সে নাচ'বেন। তবে নাচ'বে কি চৌরঙ্গীর ট্রাম ডিপোয় !

তিমির—আহা, বোঝনা কেন শাস্তি,—পার্টনার—পার্টনার—

শাস্তি—তাই বল। নিখিলবাবু ডলি-দির নাচ সইতে পারবেন, কিন্তু
পার্টনার সইতে পারবেন না।

রাস—লঙ্ঘোয়ের কেশবীবাঙ্গি কিন্তু—

মোহিত—You shut up ! বাজাও—

রাস—বাজাও ! বললেই হ'ল। কি বাজাব বলতো মাথামুড়ু ! হ'ত

ଶ୍ରୋତେର କୁଳ

ଦାନ୍ତରା, ହିତ ଟୁଂଗୀ, ଦେଖିଲେ ଦିତୁମ ବାଜିମେ । ମେ ମେଥେଛେ
ଲକ୍ଷ୍ମୀରେର କେଶରୀବାଙ୍ଗ—

ମୋହିତ—Idiot !

ବ୍ରାହ୍ମ—ଥାଲି ଟେଣେ ଟେଣେ ନାକିଶୁରେ ଗାନ, ଆର ବେତାଳୀ ନାଚ ! ଏ ବାଜନା
ରାସବିହାରୀ ବାଜାଯି ନା ।

ତିଥିର—ରାଗ କରୋନା ରାସବିହାରୀ,—ବାଜାଓ । ତୋମାର ମନ୍ତ୍ରର ସଙ୍ଗେ
ଗାଇତେ ଗାଇତେ ହସ୍ତେ ଏଥାନେও କେଶରୀବାଙ୍ଗ ଗଡ଼େ ଉଠିବେ ।

ବ୍ରାହ୍ମ—ଅସମ୍ଭବ ନମ୍ବ !

ମୋହିତ—ତା'ହଲେ next item ଆରମ୍ଭ ହୋକ୍—କମଳାର ଗାନ—

ତିଥିର—କୋଥାଯି କମଳା, ତାର କି ଆର ଆସିବାର ଜୋ ଆଛେ !

ମୋହିତ—Oh, I see ! ଆଛା ତା'ହଲେ ତୁମି ଗାଓ ଇଲା—

ଇଲାର ଗାନ

ମେ କୋନ୍ ଟାନିନୀ ରାତେ, ମେ କୋନ୍ ଆଲୋ-ଛାଯାର,
ତୋମାତେ ଆମାତେ ଦେଖା ସ୍ଵପନ-ମଧୁ-ମାର୍ଯ୍ୟ !

ପାଗଳ ପାପିଆ ଗାନେ

ଏ ମୁଖେ ଅଳାପ ଆନେ—

ମହେଶ ମହେଶ ଟୁଟି ମୁଖର ଟିରେ ତୋମାଯି !

ହୁଜନେ ପୁଲକେ ଜାଗି ମଦିର ମାଧ୍ୟମୀ ରାତି—

ପୁଲକିଭ ତୃଷ୍ଣଦଳେ ଶିଥିଲ ଶରନ ପାତି !

ପ୍ରଥମ ଅଭାତୀ ଆଲୋ

ଏ ଚୋଥେ ଜାଗିଲ ଭାଲୋ,

ପ୍ରଥମ ନିଧିଲ ଧରା ଭରିଲ ନବ ଶୋଭାଯ !

ଶ୍ରୋତେର କୁଳ

ଉଦ୍‌ବନ୍ଧନ ଓ ଅସୀମେର ପ୍ରେସ

ଉଦ୍‌—ନା, ତା' ହବେନା । ସେ ତୋମାକେ ଆମି ସ୍ପଷ୍ଟଇ ବଲେ ଦିଚ୍ଛି । ଓ-ସବ
ଛୋଟ-ଲୋକମି ଚଲିବେ ନା । କହି, କୋଥାର ସେ ମେମେଟା ?

ଡଲି—କା'ର କଥା ବଲ୍ଲା ବାବା ?

ଉଦ୍‌—ବୁଝିତେ ପାଞ୍ଚନା—କା'ର କଥା ବଲ୍ଲା ! କମଳା—କମଳା ! କୋଥାର
ସେ ! ବା'ର କରେ ଦାଓ—ବା'ର କରେ ଦାଓ—

ମୋହିତ—କମଳା ଆସେନି—

ଉଦ୍‌—କୋନ୍ ମୁଖ ନିଯେ ଆସିବେ ! କଥନେ ତା'କେ ଢୁକ୍ତେ ଦିବୋନା, ଏ
ବାଡ଼ିତେ ନାୟ,—କ୍ଲାବେଓ ନାୟ—

ଲୁଣି—ସେ କି କରେଛେ ବାବା ?

ଉଦ୍‌—କି କରେଛେ ! ତୋମାର ଏହି ଗୁଣଧର ଭାଇଟିକେ ଜିଜ୍ଞାସା କର ।
ଅସୀମ, ଆଜି ଥେକେ ତୁମି ଆର କୋଥାରେ ଏକ ପା ବେରୋବେ ନା—
ଆମାର ସାମନେ ଥାକୁବେ—ସବ ସମୟ !

ଅସୀମ—କେନ, ଆମି କି କରେଦୀ ?

ଉଦ୍‌—What ! what ! ହା କରେଦୀ, ନିଶ୍ଚଯ କରେଦୀ, ଏକଶବାର କରେଦୀ !

ତା'ର ସଙ୍ଗେ ତୁମି ଆର ଦେଖା କରିତେ ପାରିବେ ନା,—ସେ ତୋମାକେ
ଆମି ସ୍ପଷ୍ଟଇ ବଲେ ଦିଚ୍ଛି ।

ଅସୀମ—ତୋମାର ଏ ଜୁଲୁମ ଆମି ମାନ୍ବ ନା—

ଉଦ୍‌—ମାନ୍ବ ନା ? ତୋମାକେ ଆମି ଚାବ୍‌କେ ଦୋବୋ—

ଅସୀମ—ଚାବୁକ ଅତ ସନ୍ତା ନାୟ । ଚାବ୍‌କେ ଦେବେ ! କେନ ? ତାର ଉପର
ଆମାର କୋନ କର୍ତ୍ତବ୍ୟ ନେଇ ?

ଉଦ୍‌—ନା, ନେଇ ! ଅବାଧ ମେଲାମେଶା କରିତେ ଏସେ, ନିଜେକେ ଯେ ବାଟିରେ
ଚଲିତେ ପାରେନା, ତା'ର ଉପର କାରୋହି କୋନ କର୍ତ୍ତବ୍ୟ ନେଇ । ସେ

ঙ্গোত্তের কুল

হবেনা। তোমার সঙ্গে তর্ক আমি করতে চাইনা। যাঃ
বল্লুম, তোমাকে তাই করতে হবে। যাও—যাও—
অসীম—আছা,—যাছি—

প্রশ্নান

উমা—বিয়ে করবে ! বিয়ে ? চাবুক সন্তা কি না আমি ভালো করে'
দেখিয়ে দেবো ! আমি শার উষাশক্তর—কই মোহিত,
তোমাদের নাচ গান বন্ধ করলে কেন ? ছোক্রা মেজাজটা
খারাপ করে দিয়ে গেল

মোহিত—আজ আর থাক—

উমা—কেন ? কেন ? ওই অসীমের জগ্নি ? pooh ! ও কি আবার
একটা মনে করে' রাখবার মতো ! ছেলেমানুষি, পাগলামি—
নাও, চলুক্ তোমাদের প্রোগ্রাম—নাচ·গানের প্রয়োজনই তো
এই জগ্নি ! চালাও—চালাও—

রাস—লক্ষ্মীয়ের কেশরীবাঙ্গ—

মোহিত—তোমাকে চাব কেছিল !

রাস—দেখ মোহিতবাবু—

মোহিত—চাব কায়নি ? তা'হলে অসীমকে না চাবকে, সেই দাওয়াইটা
আপনি একে যদি একটু দেন,—ওর কেশরীবাঙ্গ রোগ না
সারলে আমরা যে পাগল হ'য়ে যাব।

উমা—(হাসিয়া) একটু বেশী বকে বটে ! কিন্তু লোক ভালো। যেতে
দাও—যেতে দাও—তোমরা আরম্ভ কর। খুব জমাটি একটা
গান—কোরাস্

ଶ୍ରୋତେର କୁଳ

ମୋହିତ—ଗାଁ—ବକୁଳଗଙ୍କେ —

ମେଘେଦେର ଗାନ

ବକୁଳଗଙ୍କେ ଉତ୍ତଳ ହ'ଲ ଦଖିଣ ହାଓଯା !—
ଉତ୍ତଳ ହ'ଲ ଦୋହଳ ପାତାର ବାତାଯନେ
ଫୁଲ-ନୟନେ ଆକୁଳ ଚାଓଯା !
ପାଥୀର ବୁକେର ସୁମ୍ମତ ଗାନ ଉଠିଲ ଜେଗେ—
କୋନ୍ କୁହକୌର ପରଶ ଲେଗେ ଉଠିଲ ଜେଗେ ବକୁଳ-ଗଙ୍କେ !
ଉଠିଲ ଜେଗେ ନିରାର-ଧାରାୟ ପାବାଣ-କାରାୟ
ନିରା ରିଣୀର ଯେ ଗାନ ସେଦିନ ହୟନି ଗାଓଯା !
ଆଜ ଫାନ୍ଦନେର ତୃକ୍ଷାଭରା ଘୋବନେ—
ମୌ ପିଯେ ସାଯ ମୌ-ବନେ,—
ତୃକ୍ଷା-ପାଗଳ ମୌମାଛିଦିଲ ମୌ ପିଯେ ସାଯ ମୌ-ବନେ !
ଆଜ ଆକାଶେ, ଆଜ ବାତାସେ,
ଶିହରଣେର ବନ୍ଧୁ ଆସେ—
ବନ୍ଧୁ ଆସେ ବନେ ବନେ ମନେ ମନେ ସ୍ଵପନ-ଛାଓଯା !

ଶ୍ରୋତେର କୁଳ

ଦ୍ଵିତୀୟ ଦୃଶ୍ୟ

ଆର ଉମାଶକରେର ବାଡ଼ୀର ଡ୍ରଇଂ ରୁମ । ନିଧିଲ ଏକ
କୋଣେ କୌଚେର ଉପର ବସିଯା ଏକଥାନି ମାସିକ
ପତ୍ରିକାର ପାତା ଉଲ୍ଟାଇତେଛିଲ । ଲୁସି ଅବେଶ କରିଲ ।

ନିଧିଲ—ତୁମି ସେ ନାଚେର ଆସର ଥେକେ ଚଲେ ଏଲେ ଲୁସି ?

ଲୁସି—ତୁମି ଏଲେ କେନ ?

ନିଧିଲ—ଜାନୋଇ ତୋ ଆମାର ଓ-ସବ ଭାଲୋ ଲାଗେ ନା । ତା'ଛାଡ଼ା ଆମି
ଏଲେଇ ସେ ତୁମି ଆସିବେ, ତାରଇ-ବା ମାନେ କି ?

ଲୁସି—ମାନେ କିଛୁଇ ନେଇ,—ଆର ତା' ନେଇ ବଲେଇ ଏମେଛି । ଥାକୁଲେ
ଅବଶ୍ରୀ ଆସିତେ ଲଜ୍ଜା ହୋତ,—ସମ୍ବିଦ୍ଧ ଭଗିନୀପତିର ସଙ୍ଗେ ଫ୍ଲାଟ୍
କରାଟା ପୃଥିବୀର ସର୍ବତ୍ରଇ ଚଲେ ଥାକେ ।

ନିଧିଲ—ଆମାର ସଙ୍ଗେ ତୁମି flirt କରିବେ ନାକି ?

ଲୁସି—ପାରିଲେ ମନ୍ଦ ହତୋ ନା । ଡଲି-ଦି ସଥନ ତୋମାକେ ଏଟେଣ୍ଡ କରିଛେ ନା,
ତଥନ ସେ ସୁଷ୍ଣୋଗ ଆମାର ଆଛେ ; ତା'ଛାଡ଼ା, ତୁମି ସଥନ ଆମାର
ଭଗିନୀପତି, ତଥନ ସେ ଅଧିକାରୀ ଆମାର ଆଛେ । କିନ୍ତୁ
ତୋମାର ସଙ୍ଗେ ଫ୍ଲାଟ୍ କରା ଚଲେ ନା ।

ନିଧିଲ—କାରଣ ?

ଲୁସି—କାରଣ, ଫ୍ଲାଟ୍ କରିବାର ମତୋ ଏଲିମେଣ୍ଟ ତୋମାତେ ନେଇ ।

ନିଧିଲ—Element ନେଇ ?

ଲୁସି—ନା, ତୁମି ତୋ ଡାଯ়ୋଜିନିସେର ମତୋ ଜଲପାତ୍ରେ ବାସା ବେଧେ ବସେ
ଆଛ । କେଉଁ ସାମନେ ଏମେ ଦୀଢ଼ାଲେଇ ହସତ ଚେହିରେ ଉଠିବେ,—
'ଛେଡ଼େ ଦାଓ, ଆମାର ଝିଖରେର ରୋଜ ଛେଡ଼େ ଦାଓ !'

ନିଧିଲ—(ହସିଯା) ତାଇ ନାକି ! ଏତ ବଡ଼ ଦାର୍ଶନିକ ଆମି ?

ଶ୍ରୋତେର କୁଳ

ଉଦ୍‌ବିନାମିକରଣ ପ୍ରବେଶ

ଉଦ୍‌—ତୋମରା ଏଥାନେ ସବେ' ରହେছ ? ଓ-ଘରେ ପ୍ରୋଗ୍ରାମ୍ ଚଲିଛେ ଯେ !

ନିଧିଲ—ତୁମି ଯାଓ ଲୁସି ।

ଉଦ୍‌—ଆର ତୁମି ? ଯାଓ ନା,—ଅତ shy କେନ ?

ଲୁସି—ଓର ଯେ ଏକଜୀମିନେର ପଡ଼ା ରହେଛେ ବାବା !

ଉଦ୍‌—Examine ! କି examine ?

ଲୁସି—ଠିକ ଜାନି ନା, ବୋଧ ହସି ସାଇକଲଜିର ।

ଉଦ୍‌—ନିଧିଲ କି ଫିଲକ୍‌ଫି ପଡ଼ିଛ ନାକି ?

ଲୁସି—ବଲ ନିଧିଲ-ଦା—“ଆମି ଯଦି ଆଲେକଜେନ୍‌ଦାର ନା ହିଁତାମ, ତାହା ହଇଲେ ଆମି ଡାରୋଜିନିସ୍ ହଇତେ ଚାହିତାମ !”

ହାସିଯା ପ୍ରଶାନ୍ତ

ଉଦ୍‌—(ହାସିଯା) You naughty girl ! ହଁ, ନିଧିଲ,—ତୁମି ପ୍ରଶାନ୍ତ ବାବୁକେ ଚେନ ?

ନିଧିଲ—ପ୍ରଶାନ୍ତ ?—ନାମଟା ଯେନ ଜାନା ମନେ ହଛେ !

ଉଦ୍‌—ଲୋକଟାର ନାକି ଅଗାଧ ପଯ୍ସା । ଏମନ ଲୋକେର ସଙ୍ଗେ ଆଲାପ ପରିଚାର ରାଖା ମନ୍ଦ ନାହିଁ । ମିସେସ୍ ସେନ ତାକେ ଆଜ ଏଥାନେ ନିଯେ ଆସିଛେ । ଏହି ମହିଳାଟିକେ ତୁମି ପଛକ କରନା,—ନା ?

ନିଧିଲ—ତୋର ସଙ୍ଗେ ତୋ ଆମାର ପରିଚାରି ନେଇ ! ତବେ, ତୋର ଭାଇଟାକେ ଆମି ବରଦାନ୍ତ କରିବେ ପାରି ନା ।

ଉଦ୍‌—କେ ? ମୋହିତ ? କେନ ?—ଥାସା ଲୋକ । ଡଲିକେ ସେ ନାଚ-ଗାନ ଶେଥାଇଁଛେ । ଆଜକାଳ ମେ଱େଦେର ନାଚ-ଗାନ ନା ଶେଥାଟା ବଡ଼ ଲଜ୍ଜାର କଥା ।

ଶ୍ରୋତେର କୁଳ

ନିଧିଲ—ନିଶ୍ଚଯାଇ ! କିନ୍ତୁ ଯା'ର ତା'ର ସଙ୍ଗେ ନେଚେ ବେଡ଼ାନୋ ଲଜ୍ଜାର କଥା
ନୟ ! ତା'ତେ ଆମୋଦ ଆଛେ ସର୍ଥେ ଏବଂ ଉତ୍ୱେଜନାଓ କଥ ନୟ ।

ଉମା—ନାହିଁଜାତିକେ ଆମୋଦ ଦେଓରାର ଜଗାଇ ତୋ ଏହି ସବ ମୋହିତେରା
ଜନ୍ମେଛେ ନିଧିଲ । ତା'ଦେର କାଜାଇ ଏହି । ନଇଲେ ତା'ରା
ସୋସାଲିଷ୍ଟ ଦଲେ ନାମ ଲେଖାବେ, ନା ହୟ ବୈରାଗୀ ହ'ସେ ତେଳକମେବା
କରବେ । ତୋମାର ଶାଙ୍କଡ଼ି-ଠାକୁଳ ତୋ ଧର୍ମେକର୍ମେ ମନ ଦିମେଛେନ ।
ଡଲିଓ ତୀର ଘତନ ଘାଲା ଜପ୍ତେ ଶୁକ୍ଳ କରକ, ଏହି କି
ତୁମି ଚାଓ ?

ନିଧିଲ—କିନ୍ତୁ—

ଉମା—ଖୁବାଇ ସମସ୍ତାର କଥା,—ସେ ଆମି ଜାନି । ଆର, ଜାନି ବଲେ'ଇ ଆମି
ସବ-ଜାନ୍ତା ସାଜ୍ଞତେ ଚାଇନା ।

ନିଧିଲ—କିନ୍ତୁ ଏହି ଲୋକଟା ବେ ଅତି ନୀତି, ଅତି ମୁର୍ଦ୍ଧ—

ଉମା—କେ ? ମୋହିତ ? ମେ ତୋ ଭାଲ କଥା । ଶ୍ରୀ ଯଥନ flirt କରିବାର
ଜଣ୍ଯ ମୁର୍ଦ୍ଧଦେର ବେଛେ ନେଇ, ବୁଦ୍ଧିମାନ ସ୍ଵାମୀର ତା'ତେ ଆନନ୍ଦିତଇ
ହେଉଥା ଉଚିତ ।

ନିଧିଲ—ଆମାର କିନ୍ତୁ ସେ ଧାରଣା ନୟ ।

ଉମା—ଏହି ଧାରଣାଇ କରିତେ ଶେଖ my dear boy,—ଅଥବା କୋନ ଧାରଣାଇ
କରୋ ନା । ବର୍ତ୍ତମାନ ଯୁଗେ ଲୋକେର ଉପହାସେର ବସ୍ତୁ ନା ହେଁ ବାସ
କରିତେ ହଲେ ଏ ଛାଡ଼ା ଆର ଉପାୟ ନେଇ । ଅତ୍ୟନ୍ତ elastic ଯୁଗେ
ଆମରା ଜନ୍ମେଛି ନିଧିଲ, କାଜେଇ ଆମାଦେଇଁ elastic ହେଉଥା
ଛାଡ଼ା ଆର ଗତ୍ୟନ୍ତର ନେଇ । ଛିଣ୍ଡିକ୍ତା କରିବାର,—ଝୁଁଝୁଁ କରିବାର
ଏ କାଳ ନୟ । ଆମାକେଇ ଦେଖନା, ଅସୀମେର କଥା ସବ ଶୁନେଛ ତୋ ?
ଡଲି ବଲେନି ?

ଶ୍ରୋତେର ଫୁଲ

ନିଧିଲ—ହଁ, ବଲେଛେ !

ଉଦ୍‌ଧା—ଭେବେ ଦେଖତୋ ଏକବାର, କି କାଣ୍ଡଟାଇ ନା ଲେ କରେଛେ ! ଆମାର ଛେଲେ ହଁସେ ଏକଟା middle-class ମେ଱େକେ ଲେ ବିଯେ କରିତେ ଚାନ୍ଦା, — ସେହେତୁ ତା'ର ସଙ୍ଗେ ତା'ର love ହସେଛେ !

ନିଧିଲ—ବ୍ୟାପାରଟା ଶୁଣେଛି ନାକି ଆରା ଅନେକଦୂର ଗଢ଼ିଯେଛେ ! ଏଥିନ ସବ୍ଦି ଏ ବିଯେ ନା ହସି, ତା'ଲେ ସେଯେଟିର ସ୍ଥାନ କୋଥାମ୍ବ ?

ଉଦ୍‌ଧା—ଲେ ଚିନ୍ତା ଆମାର ନମ୍ବ । The girl is pretty and the world is big !

ନିଧିଲ—ଚମକାର ! ଆପନାର ବଳବାର ଭଙ୍ଗୀର ପ୍ରଶଂସା ନା କରେ' ପାରା ଯାଇ ନା । କିନ୍ତୁ—

ଉଦ୍‌ଧା—ନା । ଏହି ମଧ୍ୟେ ଆର କୋନ କିନ୍ତୁ ନେଇ ନିଧିଲ । ଶୁଣୁ ପ୍ରଶଂସାଇ କରୋ ନା,—ଅନୁକରଣ କର । ଏକଟା କିଛୁ ନିଯେ ଆହାର-ନିଜୀ ତ୍ୟାଗ କରେ' brood କରା କୋନ କାଜେର କଥା ନମ୍ବ । ଓହି ଏକଟା ବଡ଼ ବିଶ୍ଵାସ ଉପରି ଆହେ ତୋମାର ! ଏସ, dance ଦେଖିବେ ଏସ—
ଅହାନ

ଡଲି ଓ ମୋହିତେର ପ୍ରବେଶ

ମୋହିତ—ଏହି ସେ, ଏକାଇ ବସେ' ଆହେନ ନିଧିଲବାବୁ, ନାଚ ଦେଖିଲେନ ନା ?

ଡଲି—ହଁ, ନାଚ ଦେଖିବେ ! ତା'ତେ ଓଁର ଗାନ୍ଧୀର୍ଯ୍ୟ ନଷ୍ଟ ହବେ ସେ !

ମୋହିତ—ଆପନାର ସ୍ଵାମୀ ଏକଜନ ଦାର୍ଶନିକ ମିସେସ୍ ରାମ । ଆମାଦେର ମତ ଚଞ୍ଚଳ ଜୀବକେ ଉନି ସ୍ଥଣା କରେନ ।

ନିଧିଲ—ଆମି ବରଂ ଆପନାକେ ଈଶ୍ଵା କରି ମୋହିତବାବୁ !

ମୋହିତ—ତାଇ ନାକି ? କିନ୍ତୁ କେନ ବଲୁନ ତୋ ?

ନିଧିଲ—ହାତୀ ହୋଇବାର କୋନ ଶୁଖ ନେଇ । ବରଙ୍ଗ ପ୍ରଜାପତି ହଁଲେ ଫୁଲେ ଖୁଲୁ ଆହରଣ କରିବାର ଅନେକ ସ୍ଵରୋଗ ପାଓଇବା ଯାଇ ।

শ্বেতের কুল

মোহিত—(কথাটা গায়ে না মাথিবার জন্য বোকার মত হাসিতে হাসিতে)

প্রজাপতি ! প্রজাপতি ! আচ্ছা, আপনিই বলুন তো মিসেস্‌
রায়, আমি কি প্রজাপতি ?

ডলি—তা' জানি না, তবে উনি যদি নিজেকে হাতী বলতে চান, তা'তে
আমার একটুও আপত্তি নেই। হাতীর আর কিছু না থাক,—
গান্ধীর্ঘ্য আছে, এবং সেটা তার আকারের মতই বৃহৎ। থাক,
খুব হয়েছে, এইবার বাড়ী চল। লুসি আমার সঙ্গে যাবে।
তা'কে একবার ডাক না !

নিখিলের অস্থান

মোহিত—ভদ্রলোকটি আমায় দেখতে পারেন না।

ডলি—শুন তুমি কেন, কা'কে যে উনি দেখতে পারেন, সেইটাই শুনতে
পারলাম না। অঙ্গুত ! (দীর্ঘনিঃশ্বাস)

মোহিত—দীর্ঘনিঃশ্বাস ফেললে যে !

ডলি—গান্ধীর্ঘ্য জিনিসটা কি ভয়ানক ! তোমাকে কিন্তু কথনও গন্তব্য
দেখিনি !

মোহিত—সেটা আমার শুণ না দোধ ?

ডলি—অন্ততঃ, সেটা একটা শ্বেতাস্তি !

মোহিত—আমার কথা কি তুমি বিশ্বাস করো না ?

ডলি—এক কথা একশ'বার বলা-ই যদি বিশ্বাসের প্রমাণ হ'তো, তা'হলে
তোমাকে বিশ্বাস না করে' আমার উপায় ছিল না। কিন্তু তা'
যখন নয়, তখন বিশ্বাসও আমি করি না।

মোহিত—তা'হলে তুমি আমাকে ঠিক চিন্তে পারোনি।

ডলি—চিন্তে পারিনি বলেই বোধ হয় তোমাকে আমি এত পছন্দ করি।

ଶ୍ରୋତେର କୁଳ

ମୋହିତ—ପଛନ୍ଦ କରୋ ତା'ହଲେ ?

ଡଲି—ଏଫିଡେବିଟ କରିତେ ରାଜି ଆଛି ।

ମୋହିତ—ଶୁଣେଛି, ନାରୀ ପୁରୁଷକେ ପଛନ୍ଦ କରେ ସାଂତ୍ୟଟି ରକମେ !

ଡଲି—ଆର ପୁରୁଷ ?—ମେ ନାରୀକେ ପଛନ୍ଦ କରେ କତ ଯକମେ ?

ମୋହିତ—ମାତ୍ର ହୁଇ ରକମେ । Either he likes her or he loves her !

ଡଲି—ଆର ଭାଲୋବାସାର ରକମ ଆଛେ କ'ଟି ?

ମୋହିତ—ହୟତୋ ଆଛେ ଅନେକ ଶୁଣି, କିନ୍ତୁ ଆମି ଜାନି ଶୁଧୁ ଏକଟି !

ଡଲି—ନେହାଂ ମାନୁଳି କଥା । ସକଳ ନାରୀକେଇ ତୁମି ଏକଟି ରକମ ଭାଲୋବାସାର—
—ଏହଟାଇ କି ତୁମି ଆମାକେ ବିଶ୍ୱାସ କରିତେ ବଲ ?

ମୋହିତ—ଶୁଧୁ ଏକଟି ନାରୀକେଇ ଆମି ଭାଲୋବାସି, ଆର ତା' କି ତୁମି
ଜାନୋ ନା ଡଲି ?

ଡଲି—କି କରେ' ଜାନ୍ବ ? ମେ ନାରୀଟିର ସଙ୍ଗେ ତୋ ଆର ଆମାର ପରିଚିତ
ନେଇ ! ଓହି ସେ ଉନି ଆସିଛେନ । ତୁମି ଏଥନ ସାଂଗ,—ସରବତ
ଥାଓ ଗିଯେ !

ମୋହିତ—ଘୋଲେର ?

ନିଖିଲେର ପ୍ରବେଶ

ଏହି ସେ ଏସେଛେନ ନିଖିଲବାସୁ । 'ଆଜ୍ଞା, ଆମି ତା'ହଲେ ଚଲି—
ମିମେସ୍ ରାମ ! ନମଶ୍କାର !

ଅଛାନ

ନିଖିଲ—ଲୁସିର ଆସିତେ ଏକଟୁ ଦେରୀ ହବେ ।

ଡଲି—ଆଜ୍ଞା, ମୋହିତବାସୁର ସଙ୍ଗେ ତୁମି ଅମନ ଅଭଜ ବ୍ୟବହାର କର କେନ ?

ନିଖିଲ—ଅଭଜ ବ୍ୟବହାର ?

ଶ୍ରୋତେର ଫୁଲ

ଡଲି—ଅବସମୟରେ ତୁମି ମୁଖ୍ୟାନାକେ ପେଂଚାର ଯତ ଭାବୀ କରେ ରାଥ । କେନ ବଲୋ ତୋ ? ତୁମି ବଡ଼ ଲୋକ ବଲେ ?

ନିଧିଲ—ପମ୍ବାର ଗର୍ବ କଥନେ କରେଛି ବଲେ ତୋ ମନେ ହସ୍ତ ନା !

ଡଲି—ଆମାର ତୋ ତାଇ ମନେ ହସ୍ତ । ମୋହିତବାବୁ ଆମାର ବଙ୍ଗ,—ତୋମାକେ ତିନି ଶକ୍ତି କରେନ । ତୁମି କେନ ତା'ର ସଙ୍ଗେ ଝାଡ଼ ବ୍ୟବହାର କର ?

ନିଧିଲ—କଥନେ ତା'ତୋ ଆମି କରନ୍ତେ ଚାଇନି ଡଲି !

ଡଲି—ଶୁଦ୍ଧ ମୋହିତବାବୁ କେନ,—ଯା'ର ସଙ୍ଗେଇ ଆମାର ଆଳାପ ଆଛେ, ତା'କେଇ ଯେନ ତୁମି ବରଦାନ୍ତ କରନ୍ତେ ପାର ନା । କାରଓ ସଙ୍ଗେ ଆମାର କଥା ବଣାଟାଇ ଯେନ ତୁମି ପଛନ୍ଦ କର ନା ।

ନିଧିଲ—ଡଲି ?

ଡଲି—ସତିଯ କଥା । ତୁମି ଯେନ ଆମାକେ ଅସ୍ଵର୍ଯ୍ୟପଣ୍ଡା କରେ' ରାଥ୍ରେ ଚାଓ । ନବାବୀ-ଆମଲେର ହାରେମେ ବନ୍ଦୀ ରେଖେ ତୁମି କେବଳ ଆମାକେ ଶୋନାତେ ଚାଓ ତୋମାର ବ୍ୟବସାର କଥା, କୌମେର କଥା, ତୋମାର ଲାଭ-ଲୋକସାନେର ଆଲୋଚନା ।

ନିଧିଲ—ଆମାର ଉପର ତୁମି ଅବିଚାର କରଛ ଡଲି ।

ଡଲି—ଆର କି ଶୁବ୍ରିଚାରଟାଇ କରଛ ତୁମି ଆମାର ଉପର ! ତୁମି ଚାଓ ଡାଳ ସ୍ଟ୍ରୁପିଡ ହ'ତେ,—ଆମି ଚାଇ ହାସିତେ ଖେଳିତେ—

ନିଧିଲ—ଏକଦିନ ଆମରା ଏକସଙ୍ଗେଇ ତୋ ହେସେଛି, ଖେଳେଛି, ଡଲି !

ଡଲି—ମେ ଆମାଦେର ବିଯେର ଆଗେ । ତଥନ ତୁମି ଏମନ ଛିଲେନା । ତିନ ବଚର ଆମାଦେର ବିଯେ ହେୟେଛେ, ଏଇ ମଧ୍ୟେଇ ତୁମି ଆମାକେ ଯେନ ଜେଲଖାନାର କରେନ୍ଦୀ କରେ' ତୁଲେଛ । ଏ ଆମି ସହ୍ୟ କରବ ନା । କେନ ତୁମି ମୋହିତବାବୁକେ ଅପମାନ କର !

ନିଧିଲ—ଯଦି କରେଇ ଥାକି, ଆମି କ୍ଷମା ଚାଇଛି ।

ঙ্গোত্তের সুন্দ

ডলি—সেটা তা'র কাছেই চাওয়া উচিত। আজ তিনি আমাকে শিলেষাঙ্গ
নিয়ে যেতে চেয়েছেন—

নিধিল—আজ ? এত রাত্রে ?

ডলি—হঁ,—ন'টাৰ সোয়ে। তোমার আপত্তি আছে ?

নিধিল—(কিছুক্ষণ পরে) না—

ডলি—তবু ভাল। কি সুন্দর নাচতে পারেন মোহিতবাবু। তুমি কেন
নাচতে পারনা ?

নিধিল—নাচতে কি আৱ সকলেই পারে—ডলি !

ডলি—কি করে' যে তুমি অত টাকা রোজগার কৰেছিলে, তাই ভেবেই
আমি আশ্চর্য হই !

নিধিল—কেন ? নাচতে পারিনা বলে' ? আমাকে কি তুমি এতই
অপদৰ্থ মনে কৰ ?

ডলি—না। অসহায় মনে কৰি। তা'ছাড়া টাকা রোজগার কৱতে বুকি
ততটা লাগে না, যতটা লাগে চাঞ্জ।

নিধিল—এটা বুঝি মোহিত বাবুর ঘত ?

ডলি—তার হ'তে যাবে কেন ? তোমার কথা নিয়ে আলোচনা কৱতে
তার ব'য়ে গেছে। তুমি হিংস্বটে—জেলাস্ত।

নিধিল—সত্য কথা। হিংসা তা'কে আমি কৱি ডলি।

ডলি—কৱি তা'তে আপত্তি নেই, কিন্তু ভদ্রসমাজে সেইটে দেখিলৈ
বেড়িয়োনা। চল,—দাঢ়াও, লুসিকে ডেকে নিয়ে আসি।

প্রাণ

রামবিহারীর অবেশ

রাম—আপনাকে sir, একটা কথা বলব sir. ?

নিধিল—বলুন sir,—

শ্রোতৃর ঝুল

রাস—আপনি অস্ত বড় লোক। কত লোকের কত উপকার ক'রেছেন—
নিধিল—সে অপরাধের জন্ম আমার কি শাস্তি বিধান ক'রেছেন—
বলুন sir—

রাস—আমি বলছিলাম কি sir, আমার যদি একটা উপকার করেন—

নিধিল—Very good sir, বলুন—আমি কি ক'রতে পারি!

রাস—আমি একটা ব্যবসা করবো মনস্থ ক'রেছি—

নিধিল—উত্তম প্রস্তাব!

রাস—আপনি কিছু capital দিবে যদি আমায় সাহায্য করেন—

নিধিল—Capital ? capital ! কি ব্যবসা ক'রবেন—গুণি ?

রাস—আজকাল পোলাটু খুব লাভের ব্যবসা,—বিশেষতঃ যুদ্ধের বাজারে।

মনে ক'রেছি কিছু শূকরের চাষ করব।

নিধিল—শূকরের চাষ ?

রাস—ইঁ, sir—

নিধিল—কেন ? যে চাষ কচ্ছিলেন ?

রাস—দূর, দূর,—ও কথা আর বলবেন না। সারাজীবন বোল বাজিবেই
। মনুম sir—তেহাই দিতে পারলাম না—

নিধিল—তা হ'লে তেহাইটা দেবেন কি শূকরের উপর ?

রাস—কি করি বলুন sir ! এরা কেউ আমার কদর বুঝলে না। আমি
রাষ্ট্রবিহারী—শঙ্কোঘের কেশরী বাঙ্গালীর সঙ্গে সঙ্গত ক'রেছি,
আমাকে বলে কিনা—

নিধিল—সেই আপশোধে একেবারে শূকরের চাষ ?

রাস—তা' যদি বলেন sir, যে চাষ কচ্ছিলাম, তা'র চেয়ে ওটা নেহাঁ
মন্দ নম্ব। এদের যে সব কাণ্ড-কারখানা ! ওই মোহিত
বাবুটি যেন কলিযুগের কেষ্ট—

ଶ୍ରୋଜେର ଫୁଲ

ମିସେସ ଅତିଭା ମେନ ଓ ପ୍ରଶାନ୍ତର ପ୍ରବେଶ

ନିଧିଲ—ଆରେ ! ପଣ୍ଡ ସେ ! ତୁମି କୋଥେକେ ?

ପ୍ରଶାନ୍ତ—ଆରେ ! Boss !

ବ୍ରାଂ—ଧାଃ ବାବା, ତେହାଇଟା ଦିତେ ଦିଲେ ନା !—

ପ୍ରଶାନ୍ତ

ଅତିଭା—ପ୍ରଶାନ୍ତ କି ପଣ୍ଡ ନିଧିଲ ବାବୁ ?

ନିଧିଲ—ଯାପ କରବେଳ ମିସେସ ମେନ । କାଉକେ ପଣ୍ଡ ବଳା ଭାତ୍-ମାର୍ଜାରେ ଚଲେନା—ତା' ଆମି ଜାନି । କିନ୍ତୁ ଆମରା ଓହି ‘ପଣ୍ଡ’ ବଲେଇ ଓକେ ଡାକତାମ ଛେଲେବେଳା ଥେକେ । ଛେଲେବେଳାଯ୍ୟ ଆମରା ଏକସଙ୍ଗେ ଥେଲେଛି,—ଦୁଷ୍ଟାମି କ’ରେଛି । ସୌବଳେ ଏକସଙ୍ଗେ କୁଣ୍ଡିର ଆଡ଼ା ଚାଲିଯେଛି । କଠୋର କର୍ମଜୀବନଙ୍କ ଆମାଦେର ପୃଥକ କରନ୍ତେ ପାରେନି । ସାଂଗତାଳ ପରଗଣାଯ୍ୟ ଆମି ସଥିନ କୁମଳାର ଥାଦେ କୋହିନୂର ଥୁରେ ବେଡ଼ାଛି, ପଣ୍ଡଙ୍କ ତଥନ ଲେଖାନେ ଘାଟା ଥୁରେ ବେଡ଼ାଛେ ମାଇକାର ସନ୍ଧାନେ । ତାରପର ଏହି କତ ବଚ୍ଛରପରେ ଦେଖା !

ପ୍ରଶାନ୍ତ—ଅନେକଦିନ । ବୋଧ ହୁଏ ବଚ୍ଛର ଦଶେକ ହବେ । ପଣ୍ଡ ନାମ ଶୁଣେଇ ଚମ୍କାବେଳ ନା ଦିଦି, ଆମରା ଓକେ ଡାକତାମ ଶୁଣା ନିଧିଲ ବ’ଲେ ।

ଅତିଭା—ତାଇ ନାକି ? ଏମନ ନିରୀହ ମାନୁଷଟିକେ—

ପ୍ରଶାନ୍ତ—ମାନୁଥେର ବାହିରଟା ଦେଖେଇ ବିଚାର କରବେଳ ନା ଦିଦି । ଆପନି ଜାନେନ ନା ଓକେ—

ଅତିଭା—ସତିଯିଇ, ଓର ସଙ୍ଗେ ଆଲାପ କରିବାର ବିଶେବ ସୁଧୋଗ ଆମାର ଯେଲେନି ।

ନିଧିଲ—କିନ୍ତୁ ପ୍ରଶାନ୍ତକେ ଆପନି ଜାନୁଲେନ କି କରେ ?

ପ୍ରଶାନ୍ତ—ଏ ଶୁଦ୍ଧ ପଥେର ପରିଚୟ ନୟ ନିଧିଲ । ଓର ଦୟାତେଇ ଆଜ ଆମି

ଶ୍ରୋତେର କୁଳ

ଆଯୁଷ୍ମ ବାବୁ ପ୍ରଶାନ୍ତ କୁମାର ହ'ରେ ତୋମାଦେର ଶାମନେ ଏମେ
ଦୀଙ୍ଗାତେ ପେରେଛି—

ଅଭିଭା—ଆବାର ବକ୍ତ୍ଵା ଶୁରୁ ହ'ଲ !

ପ୍ରଶାନ୍ତ—ବାଧା ଦେବେନ ନା ଦିଦି ! ଏ ଆମାର ଉଚ୍ଛ୍ଵାସ ନମ—ଅନ୍ତରେମ
ଆନନ୍ଦେର ଅଭିବ୍ୟକ୍ତି । ତୁମି ଜାନ ନା ନିଖିଲ, ଆମାର ଅତ୍ୟନ୍ତ
ହରିନେ ଏଦେର ମଙ୍ଗେ ଆମାର ଆଲାପ ହେଲିଛି ମୃଗ୍ନରେ । ଏହା
ଅନ୍ତ ଦିଯେ, ଅର୍ଥ ଦିଯେ ଆମାକେ ତଥନ ବାଚିଯେ ରେଖେଛିଲେନ, ନଇଲେ
ଆମି କୋଥାଯି ଯେ ତଲିଯେ ଯେତାମ, ତା'ର ଶକ୍ତାନ୍ତ ପେତେ ନା ।

ଅଭିଭା—ଚଲିଲୁମ ଆମି—

ପ୍ରଶାନ୍ତ—ନା, ନା, ଏଇ ଆମି ଚୁପ କରିଛି—

ଅଭିଭା—ନା, ଚୁପ କରିଲେ ଚଲିବେ ନା । ତୋମାଦେର ଏହି ଆଶ୍ଚର୍ଯ୍ୟ ନାମଶ୍ଵରିର
ମାନେ ଆମାକେ ବୁଝିଯେ ଦିତେ ହବେ ।

ନିଖିଲ—ଆମାର କଥା ଛେଡ଼େ ଦିନ । ଓକେ ଯେ ପଣ୍ଡ ବଲେ ଡାକ୍ତାମ, ଲେ
ପ୍ରଶାନ୍ତେର ଅପବ୍ରଂଶ ପଣ୍ଡ ନମ । ଓର ଏକଟା ଖେଳାଳ ଛିଲ—
ଯେହେତୁ ଓ ପିତାର ଅଷ୍ଟମ ସନ୍ତାନ, ସେଇ ହେତୁ ଶ୍ରୀକୃଷ୍ଣ ନା ହୋଇ,
ଅନ୍ତତଃ ଏକଟା ରାଜୀ-ମହାରାଜୀ ଓ ହବେଇ ନିଶ୍ଚର୍ଯ୍ୟ !

ପ୍ରଶାନ୍ତ—(ଉଚ୍ଛ୍ଵସିତ ହାସିଯା) ଶୁଣୁ ଖେଳାଳ ନମ ଦିଦି, ଏଟା ଛିଲ ଆମାର ଶୁଣୁ
ଧାରଣା ।

ନିଖିଲ—ତାରପର ଯଥନ ଭୂଗୋଳେ ପଡ଼ା ଗେଲ ଯେ ମାଟୀର ଭିତର ଅନେକ ଧନିକ
ପଦାର୍ଥ ପାଉଥା ଯାଇ, ଏବେ ତା' ଥିକେ କତଜନ ବଡ଼ଲୋକ ହେଲେ,
.... ତଥନ ଓ ମାଟୀ ଖୋଡା ଶୁରୁ କରେ' ଦିଲେ । ଆମାଦେର ଲେଇ
ପାଡ଼ାଗାଁଯେ ଏମନ ବନଜ୍ଞଳ ଛିଲ ନା, ସେଥାନେ ଓ ଝୁଁଡ଼େ ଝୁଁଡ଼େ
ତଳମାଟୀ ଉପର କରେନି । (ଅଭିଭା ଓ ପ୍ରଶାନ୍ତ ହାଦିଲ) ଶୁଣୋରେମ୍

ଶ୍ରୋତେର କୁଳ

ଯତ ଯାଟୀ ଧୂଡ଼ିତ ବଲେ' ଆମରା ଓକେ ଶୁନ୍ଦୋର ନା ବଲେ'
ଭଜଭାବାରୁ ପଣ ବଲ୍ତାମ ।

ଅତିଭା—ସା'ହୋକ, ଓର ପାଗଲାମିର ତବୁଓ ଏକଟା ମାନେ ଛିଲ । କିନ୍ତୁ
ନିଖିଲବାବୁକେ କେନ ଶୁଣ୍ଟା ବଲା ହ'ତ ପ୍ରେସାନ୍ତ ?

ପ୍ରେସାନ୍ତ—ବିପଦ-ଆପଦ ଦେଖିଲେଇ ନିଖିଲ ଗିମ୍ବେ ଝାପମେ ପଡ଼ି—କୋନ୍ତମ
ବିବେଚନା ନା କ'ରେଇ—

ନିଖିଲ—ରଃ ଚଢ଼ିଲେ ବଲୋ ନା ପ୍ରେସାନ୍ତ ! ଆମିହି ବଲ୍ଲାହି । ଆପନାର ଏହି
ବନ୍ଦୁଟିର ମତୋ ଶୁଣିଲ ଶୁବୋଧ ବାଲକଦେର ଶାସନେ ରାଖିତେ ଆମାର
ଏହି କଜି ଛଟୋର ମାବୋ ମାବୋ ସନ୍ଧଯବହାରେର ଦରକାର ହ'ତୋ ।

ପ୍ରେସାନ୍ତ—ହଁ, ନିଖିଲହି ଛିଲ ଆମାଦେର boss, ଓର କଥାଇ ଛିଲ ଆଇନ ।
ନିଖିଲ ସା' ବଲ୍ତ, ଆମାଦେର ତାଇ କରିତେ ହ'ତ । ନଈଲେ ଆର
ବରକେ ଛିଲ ନା ।

ଅତିଭା—ବଡ଼ି ଆଶ୍ରଯ ! ଅର୍ଥଚ, ସେ ମାନୁଷଟିକେ ଆମରା ଏଥନ ଦେଖି,
ଲେ ତୋ ଠିକ ଲେ ମାନୁଷଟି ନମ । ଥାକ୍, ଲେ ଆଲୋଚନା ଆର
ଏକଦିନ ହବେ । ତୋମରା ଆଲାପ କର, ଆମି ମେମେଦେଇ ସଙ୍ଗେ
ଦେଖା କରେ' ଆସାହି ।

ଅହାନ

ପ୍ରେସାନ୍ତ—ଦେଖୁଛୋ ନିଖିଲ, ପୃଥିବୀ ଗୋଲାକାର ।

ନିଖିଲ—ଅନେକ ଦିନହି ତୋମାର କଥା ଆମାର ମନେ ହସ୍ତେ ପ୍ରେସାନ୍ତ । ଏତ
ବନ୍ଦୁ ଆମାଦେର,—ତୋମାର ଲେଇ ଛର୍ଦିନେ ଆମାର ଥବର ଦାଉନି
କେନ ?

ପ୍ରେସାନ୍ତ—ତୋମାର ଥବରହି କି ଆମି ଜାନନ୍ତୁମ । ଏହି କ'ଦିନ ହ'ଲ କଲକାତାର
ଏଲେ ଦିଦିର କାହେ ତୋମାର କଥା ଶୁଣାଯାମ, ମନ ବଲ୍ଲେ—ବୋଧ-

জ্বোড়ের কুল

হয় তুমি । তাই ওর সঙে চলে' এলাম । আবার আমাদের
দেখা হ'ল শার উমাশকুরের বৈঠকখানায় ।

নিধিল—তারপর, কতদিন থাকবে এখানে ?

প্রশান্ত—কতদিন কি ! এইখানেই তো নগর ফেল্ব মনে করেছি ।
শুন্মাম, তুমি তো বেশ জমিয়ে নিমেছ—

নিধিল—ই, বালিগঞ্জে একখানা বাড়ী—নিজেরা থাকি । শামবাজারে
হ'-ভিনখানা,—ভাড়াটে থাকে । আর কিছু জমিজমাও এদিক
ওদিক করা গেছে—

প্রশান্ত—নাইটের মেঝে বিয়ে করেছ—

নিধিল—তা'তে কোন সন্দেহ নেই প্রশান্ত, নাইটের মেঝেই বিয়ে করেছি !
নাইট-নলিনীকে তুমি দেখনি । ওই যে তার sample
আসছে,—যা'কে সংক্ষেতে বলে সম্মতী, আর তোমরা slang
করে' বল—শালা ।

অসীমের প্রবেশ

অসীম—হ্যায় ! একটা কথা—

নিধিল—বল ।

অসীম—আমি তোমার গ্রাম্য চাই ।

নিধিল—একটু দেরী হ'য়ে গেছে না ! আরও আগে চাওয়া উচিত ছিল ।

অসীম—ওকে তা'রা বাড়। থেকে তাড়িয়ে দিয়েছে ।

নিধিল—তাই না কি ?

অসীম—আমি এখন কি করি ? আমার হাতে যে একটিও পয়সা নেই ।

নিধিল—শুধু একটি মাত্র পথ আছে,—তা'কে বিয়ে করা ।

অসীম—আমি তাই কর্ব, তুমি যদি আমাকে সাহায্য কর ।

ଶ୍ରୋତେର କୁଳ

ନିଧିଲ—ସାଓ ଏଥନ, ଆମ ଆସିଛି ତୋମାର ସରେ ।

ଅସୀମ—ଠିକ ଆସିବେ ତୋ ?

ନିଧିଲ—ଆସିବ ।

ଅସୀମ—କଥା ଦିଚ୍ଛ !

ନିଧିଲ—ହଁ, ହଁ ।

ଅସୀମର ପ୍ରହାର

ପ୍ରଶାସ୍ତ—ଛେଲେଟିକେ ସେନ ଏକଟୁ ବିବ୍ରତ ବଲେ' ମନେ ହ'ଲ ।

ନିଧିଲ—ହଁ, ଏକଟା ପ୍ରଣାମ-ବ୍ୟାପାର ନିମ୍ନେ ଛୋକ୍ରା ଏକଟୁ ମୁକ୍ତିଲେ ପଡ଼େ' ଗେଛେ । ଓ କିଛୁ ନୟ । ଏ ସମାଜେ ଓ-ସବ ଧର୍ତ୍ତବ୍ୟେର ମଧ୍ୟେଇ ନୟ । ସାକ୍ଷ ଓଇ ସେ ନାଈଟ-ନନ୍ଦିନୀ ଏମେ ପଡ଼େଛେ । ଏମେ, ତୋମାର ସଙ୍ଗେ ଆଲାପ କରିଯେ ଦିଇ—

ଡଲିର ଅବେଶ

ଡଲି, ଇନି ଆମାର ବହୁଦିନକାର ବନ୍ଧୁ ପ୍ରଶାସ୍ତ ।

ଡଲି—ନମନ୍ଧାର । ଏର ସଙ୍ଗେ ବୁଝି ପ୍ରାଗେତିହାସିକ ସୁଗେ ଆପନାର ପରିଚର ଛିଲ ?

ପ୍ରଶାସ୍ତ—ହଁ, ଛେଲେବେଳାସ୍ତ, ସଥନ ଆମରା ଓକେ ଶୁଣା ନିଧିଲ ବଲେ' ଡାକ୍ତାମ ।

ଡଲି—ଶୁଣା ? ତାଇ ନାକି ? ଇନି କି ଶୁଣାର ଜାନିଲେ ନାକି ?

ପ୍ରଶାସ୍ତ—ହାତେର କଞ୍ଜିହଟୋ ଦେଖେନ,—ଠିକ ସେନ ହାତୁଡ଼ି ।

ଡଲି—ବଟେ ! ସାକ୍ଷ, ଏତିବେଳେ ତବୁ ଉଠିର ଏକଟା ଶୁଣେର ସନ୍ଧାନ ପାଓଇବା ଗେଲ । କାଳ କିନ୍ତୁ ଆପନି ଆସିବେ ଆମାଦେଇ ବାଡ଼ିତେ,—ଡିନାରେ ନେମନ୍ତମ୍ଭ ରାଇଲ । ଆଚାହା, ସେଇ ପୌରାଣିକ ସୁଗେ ଉନି ଏମନିହି ଛିଲେନ, ନା ନରଲୋକେର ସଙ୍ଗେ କଥାବାର୍ତ୍ତା କହିଲେନ ?

ପ୍ରଶାସ୍ତ—ନା ବୌଦ୍ଧି, କଥାର ଅପବ୍ୟାସ ନିଧିଲ କଥନଇ କରେନି ।

ଡଲି—ଚମକାର ଡିପ୍ଲୋମେଟିକ୍ ଭାବାସ୍ତ ଜ୍ବାବ ଦିଲେନ ତୋ !

ଶ୍ରୋତେର କୁଳ

ଉମାଶକରେର ପ୍ରବେଶ

ବାବା, ଇନ୍ ଏହି ଅନେକଦିନେର ବନ୍ଧୁ—ଶ୍ରୀଶକ୍ତବାବୁ ।

ଉମା—(ହାତ ବାଡ଼ାଇବା । ଅଗ୍ରସର ହିତେ ହିତେ) ଆପଣି ଶ୍ରୀଶକ୍ତବାବୁ !
ମିଲେସ୍ ଲେନେର କାହେ ଖଣ୍ଡିଲାମ ବଟେ । ନିଧିଲେର ବନ୍ଧୁ
ଆମାରଙ୍କ ବନ୍ଧୁ, ଏକଥା ବଳାଇ ବାହଳ୍ୟ—(ଜୋରେ କରମର୍ଦ୍ଦନ) ଯାଇ
ଡଲି, ସକଳେର ସଙ୍ଗେ ଏର ଆଲାପ କରିଯେ ଥାଓ ।

ଡଲି—ଆଜ୍ଞନ—

ଡଲିର ସହିତ ଶ୍ରୀଶକ୍ତର ଅହାମ

ଉମା—ତୋମାର ବନ୍ଧୁଟିକେ ବେଶ ଅମାରିକ ବଲେଇ ମନେ ହଛେ, ନିଧିଲ ।
ଏକଟୁ ଫେନ rough, ମେ ହୋକ୍ । ଧାତୁ ଠିକ ଆଛେ, କେବଳ
ଏକଟୁ ପାଲିଶେର ବରକାର । ଆମାର ଜଗ୍ନ ଯଦି ତୁମି ଖୁକେ
ଏକଟୁ ବଳ—

ନିଧିଲ—ଆପନାର ଜଗ୍ନ ?

ଉମା—ଏହି ସବ ଲୋକ ନତୁନ ନତୁନ company float କ'ରେ ଥାକେ ; ହୁଲୋ
Board of Directors-ଏର ଭିତର ଆମାର ନାମଟା ଉନି
ବ୍ରାଥତେଓ ପାରେନ ।

ନିଧିଲ—ଉପାଧିର ପରେ ଆଜକାଳ ଲୋକେର ଆର ତତ ମୋହ ଆଛେ ବଲେ'
ଆମାର ମନେ ହୁଯ ନା ।

ଉମା—ଆପୁଣୋଷେର କଥା । ଏକ ସମୟ ଛିଲ, ଯଥିନ ଲିମିଟେଡ କୋମ୍ପାନୀଟିତେ
ନାମ ସହ କ'ରେଇ ଆମି ସଥେଷ୍ଟ ଟାକା ଆମ୍ବ କରେଛି । କି ଦିନ
କାଳାଇ ପଡ଼େଛେ ! ମତି ନିଧିଲ, ବଡ଼ି ହୁଃସମରେ ପଡ଼େଛି ଆମି ।
ଏହି ସେଦିନ Iron and Steel-ଏର share ନିସ୍ତରେ ୧୬ ଟେ ହ'ଲ,
ଆମାର ଭାଗ୍ୟକ୍ରମେ ମେ ଗେଲ ଉଲ୍ଲଟୋ ଦିକେ ।

জ্বোড়ের ঝুল

নিধি—আপনি Share Market নাকি ছেড়ে দিয়েছেন, শুনেছিলাম ?

উমা—আমি আর যেতে চাইনি। সেদিন মাটিন সাহেবকে লাঞ্ছে নেবস্তম্ভ
করেছিলাম, সে নিজে আমাকে বললে—‘গায়ের কোট বাঁধা
দিয়েও এই শেষার কেন !’ কিন্তু—সেইদিন থেকেই তা’র
ঘর নেমে যাচ্ছে।

নিধি—তাই হয়ে থাকে।

উমা—মুক্কিলে পড়েছি। তুমি যদি সামান্য কিছু—

নিধি—কত চাই আপনার ?

উমা—কথাটার ভিতর এমন একটা directness আছে নিধি, যা’
চমকে দেব !

নিধি—(উত্ত্যক্তভাবে) কত হ’লে আপনার সামান্য উপকার —

উমা—হাজারখানেক হ’লেই আমি আপাততঃ চালিয়ে নিতে পারব।

নিধি—কালই পাঠিয়ে দেব। কিন্তু মাফ করবেন, যদি—

উমা—(ইঙ্গিতে থামাইয়া) আবার ! By Jove ! আবার Share
Market-এ ষাব ? তার চেম্বে বরং আমি নিরামিষ থেকে
সুস্থ করব। ইঁ, ভালো কথা, তোমার বক্স প্রশান্তবাবু কি
বিমে করেছেন ?

নিধি—না।

উমা—তা’হলে লুসির জন্ত একটু চেষ্টা করলে হ’তো না ?

নিধি—কেন ? আপনার কোন্ আত্মীয়ের ছেলের সঙ্গে কথাবার্তা ঠিক
হয়েছে শুন্নাম না ? তার সঙ্গে লুসির ধূব ভাব-ভালোবাসাও
আছে শুনেছি—

উমা—My dear boy, লুসির মত বয়সে আত্মীয়ের ছেলের সঙ্গেই

ଶ୍ରୋତେର କୁଳ

ତାବ-ତାଲୋବାସା ହ'ରେ ଥାକେ । ତାତେ କି ଧାର୍ମ ଆସେ ! ଦେଖନା,
କିଛୁ ସହି କରିତେ ପାର —

ନିଧିଲ—କି ତାବେ ?

ଉଦ୍ଧା—ମେ ତୁମି ସେମନ ତାଲୋ ବୋର୍ଦ । ବୁଝିତେ ପାଞ୍ଚନା ନିଧିଲ, ବେଳୀଦିନ
ଓ ଥାଲି ଥାକୁବେ ନା । ସକଳେଇ ଓର ପେଛନେ କୁମାରୀ
ଯେମେଦେର ଲେଲିମେ ଦେବେ । ଲୁସି ବଲିତେ ଗେଲେ ମାତୃହୀନ ।
ତୋମାର ଶାଙ୍କୁଡ଼ିଠାକୁରଙ୍ଗେର ତୋ ମାଲା ଫିରିଯେଇ ଦିନ କେଟେ ଧାର୍ମ ।

ନିଧିଲ—ମିସେସ୍ ସେନକେ ବଲୁନ ନା । ତିନିଇ ତୋ ବଲିତେ ଗେଲେ ଅଶାସ୍ତର
ଗାଞ୍ଜିଯାନ ।

ଉଦ୍ଧା—ତବୁ, ମେ ତୋମାର ବହୁଦିନକାର ବକ୍ଷୁ । ତୋମାର କଥାମେ ନା ରେଖେ
ପାରିବେ ନା । ଏଇ ଉପକାରଟକୁ କି ତୁମି—

ନିଧିଲ—ଆଜ୍ଞା ବଲେ' ଦେଖିବ ।

ଉଦ୍ଧା—ଜତି ନିଧିଲ, ଲୁସିର ଜଞ୍ଚ ମାଝେ ମାଝେ ଆମି ବଡ଼ ଅହିମ ହମେ ଉଠି ।
ଆଗେକାର ମେ ଦିନ ଆର ଏଥନ ନେଇ । ମାତୃଷ ଦିନ ଦିନ ସେମ
ଅର୍ଥପିପାଶ୍ଵ ହ'ରେ ଉଠିଛେ । ଓହ ସେ ଡରା ଆସିଛେ ଛଟିକେ କେବଳ
ମାନିମେହେ ଦେଖ—

ଅଶାସ୍ତ୍ର ଓ ଲୁସିର ଅବେଶ

ଏହିସେ, ଲୁସିର ସଙ୍ଗେ ତା'ହଲେ ପରିଚୟ ହମେଛେ ଅଶାସ୍ତ୍ରବାସୁ !

ଅଶାସ୍ତ୍ର—ହଁ, ବୌଦ୍ଧ ଆଲାପ କରିଯେ ଦିଲେହେନ—

ଉଦ୍ଧା—ବୌ-ଦି ?

ନିଧିଲ—ଡଲି ।

ଉଦ୍ଧା—I see. ବେଶ, ବେଶ ! ଚଲତୋ ଲୁସି, ଦେଖି ଡଲି କୋଣାମ୍ବ—

ଲୁସି—ତୁମି ସାଙ୍ଗନା ବାବା, ଆମି ତତକ୍ଷଣ ମାଇକା-ମାଇନ ନିମ୍ନେ ଏକଟୁ
ସ୍ପେକୁଲେଶନ୍ କରି ।

শ্রোতৃর ফুল

উমা—(হাসিয়া) প্রশান্তবাবুর বুঝি মাইকা-মাইন আছে ? আচ্ছা,
আচ্ছা, সে পরে হবে । চল—চল ।

লুসি-সহ প্রশ্ন

নিধিল—কি পশ্চ, এখানে বিয়ে-থা করে' সৎসারী হওয়ার মতলব আছে
নাকি ?

প্রশান্ত—ইঁ ভাই, আমারও ইচ্ছে হয় যে তোমার মতো গোছগাছ ক'রে
নিয়ে বসি । তোমার মতোই বালিগঞ্জে একখানা বাড়ী, নিজেরা
থাক্কার জন্য, শ্বামবাজারে দু'তিনখানা ভাড়াটের জন্য, আর
কিছু জমিজমাও এলিক্ ওদিক্,—অর্থাৎ এখানকার aristocratic
society-তে একটু স্থান করে' নেওয়া । সে কি খুব কঠিন
কথা নিধিল ?

নিধিল—সে নির্ভর করে Bank-balance-এর উপর । কি রকম
গুছিয়েছ ?

প্রশান্ত—বেশী নয় ভাই । বছরে লাখ-থানেক টাকা আয়ের পথ একেকম
করা গেছে ।

নিধিল—তবে আর কি ! Aristocrat-দের ভেতর তা'হলে তো তুমি বক
নও, তুমি হবে রাজহাস ।

প্রশান্ত—তাই নাকি ! এত সহজ ? আমি তো মনে করেছিলাম, খুবই
শক্ত কথা । অবশ্য, তোমার কথা ছেড়ে দাও, ভাগ্য তুমি
নাইট-নন্দিনী বিয়ে করতে পেরেছিলে ।

নিধিল—নাইট-নন্দিনীর তো আর অভাব নেই, পশ্চ । একটাকেই না হ্য
আমার ভাগ্য গেথে ফেলেছে, আরও তো আছে ! স্থ আছে
নাকি ?

শ্রোতৃর ফুল

প্রশান্ত—ইঁ ভাই, তোমার ওই শালীটির তো এখনও বিষে হয়নি,
লাগিয়ে দিতে পার ?

নিখিল—লুসিকে তুমি বিষে করতে চাও ?

প্রশান্ত—চমকে উঠলে যে !

নিখিল—চমকাবারই কথা পশ্চ। এ-সব নাইট-নিনিনী তোমার আমার
জন্ম নয়।

প্রশান্ত—কেন বল তো ! তোমার জন্ম যদি হ'তে পারে, তবে আমার জন্মই
বা নয় কেন ? আমার চেহারা থারাপ ?

নিখিল—চেহারায় কিছু যায় আসেনা।

প্রশান্ত—তবে কি পয়সা-কড়ি—

নিখিল—যা' তোমার আছে—যথেষ্ট !

প্রশান্ত—তা'হলে কি এঁরা কুলীন-কাপের বিচার করেন নাকি ?

নিখিল—You idiot, তাকাও তো আমার চোখের দিকে !

প্রশান্ত—সে তো তাকিয়েই আছি।

নিখিল—দেখ পশ্চ, জীবনে যদি সুখী হতে চাও, তা'হলে আমি যা' বলি
তাই কর। যে টাকা রোজগার করেছ, তা' থেকে সামাজিক কিছু
নিজের খরচের জন্ম রেখে, বাকী টাকা tuberculosis fund-এ
দান করে দাও। টাকা হাতে থাকলেই, এই সব নাইট-নিনিনী
বিষে করবার স্থান চাপুবে।

প্রশান্ত—Bravo ! Idiot আমি, না তুমি নিখিল ?

নিখিল—তুমি নাচতে জান ?

প্রশান্ত—নাচতে জানি ? —তার মানে ?

নিখিল—আধুনিক cultured society-তে শিশ্তে হ'লে, নাচতে জানা
চাই।

শ্রোতৃর কুল

প্রশান্ত—কেন ?—এটা কি বিলেত না কি ?

নিধিল—একটু তফাং আছে। তারা সেখানে নাচে Ball-dance,
এখনকার fashion হচ্ছে—ভারতীয় নৃত্যকলা। সেই কলার
চাব না করলে, কোনই chance নেই।

প্রশান্ত—তোমার কি সে চাব হয়ে গেছে না কি ? তা'লে তুমিই
আমাকে শিখিয়ে দাও না।

নিধিল—আকি ?—না ভাই,—I have failed !

প্রশান্ত—তা'লে ?

নিধিল—শিখে নাও। উদয়শক্রের দলে ঢুকে পড়।

প্রশান্ত—ঠাট্টা করছ না কি ?

নিধিল—যদি করেই থাকি,—তবু এ practical ঠাট্টা ময়।
Cultured society-তে মিল্টে হ'লে অনেক কঠোর ঠাট্টা
তোমাকে সহিতে হবে। আর সে joke, quite practical
joke !

প্রশান্ত—তার মানে ?

নিধিল—দেখ প্রশান্ত, পাঁচ বছর আগে আমি যখন এখানে এসাম, আমার
সঙ্গে তখন বেশ কিছু ছিল। তোমার মত আমিও তখন
cultured society-তে মেশবার জন্ম উদ্গ্ৰীব হয়ে উঠেছিলাম।
লাঙ্গপাটি, ডিনার পাটি, শীমার পাটি, এই সবে যে কত থরচ
করেছি, তা'র কোন হিসাব নাই। সকাল থেকে রাস্তির পর্যন্ত
টাকা ধার দিলেই আমি ফুরসৎ পেতাম না। আমি আনন্দ
পেতাম যে সভ্য সমাজে মিল্টে পেরেছি, তা'রা আনন্দ পে'ত
যে বাঙাল ঠকিলৈ নিমেছে। তারপর যখন জন্ম থরচের

শ্রোতৃর কুল

হিসেবের দিকে নজর দিয়ে আমার মোহ প্রায় কেটে এসেছে,
তখন এই নাইট-নিন্দিনীকে বিয়ে করলুম। ভাগ্য ভালোই
বলতে হবে, কারণ সেই থেকে এই সব জৌকের সংখ্যা কয়ে
যেতে লাগল। তা'ছাড়া স্ত্রীটিও পেলাম মন্দ নয়। ডলির
head-ও আছে, heart-ও আছে। শুধু যদি সে ওই ঝুঁগে
নাইটের মেঘে না হ'ত—

প্রশান্ত—বৌদি সত্যই ভারী সুন্দর। নাইটের মেঘে হওয়ায় ঠার কি
অপরাধ হ'ল ?

নিখিল—যে কদর্য আবহাওয়ায় সে গড়ে' উঠেছে প্রশান্ত, সেখানে সকল
রকমে বিলাতী চাল-চলন, কামুদ্বাকরণের অনুকরণই হচ্ছে চরম
লক্ষ্য। সেখানে মেঘেরা সারাদিন শুর্ণি করা, first করা,
কুৎসা গেঁঞ্জে বেড়ানো ছাড়া আর কিছুই শেখে না। সেখানে
সন্তানকে স্তুতি দেওয়া, তা'র যত্ন করা, অত্যন্ত ছোটলোকমি
বলে' গণ্য হয়। Good wife and wise mother-এর
আদর্শ সেখান থেকে একেবারে দুরে দুরে চলে' গেছে।—

প্রশান্ত—এ তোমার সেই ছেলেবেলাকার গোড়ামি নিখিল। থদ্বৱের
চাহর ছেড়ে কোটপ্যাণ্ট পরেছে বটে, কিন্তু বর্তমান যুগের
প্রগতির সঙ্গে তুমি তাল রেখে চলতে পারনি।

নিখিল—প্রগতি ! এর নাম প্রগতি ! একটা অত্যন্ত artificial জীবন
নিয়ে চলার নাম প্রগতি ! এখানে তোমাকে সারাদিন একই
ভাবে দস্ত বাহির করে' চলতে হবে ; স্ত্রীলোকের সঙ্গে দেখা
হলেই তোমাকে গদগদ হতে হবে, নইলে তুমি হবে অসহ—
বিরক্তিকর ! আর দশজন যেমন, তোমাকেও ঠিক তেমনুটি

স্নোডের ফুল

হ'তে হবে। ঠিক তেমনি করে' তোমাকে হাস্তে হবে, নাচ্তে হবে, চল্তে হবে, ফির্তে হবে। তোমার স্বাতন্ত্র্য কিছু থাকবে না, ব্যক্তিত্ব কিছু থাকবে না। তুমি শুধু হকে একটা counter-part! তা' যদি না পার,—তুমি হবে একটা পাড়াগেঁয়ে ভূত!

প্রশান্ত—তাই না কি?

নিধিল—এখন বল প্রশান্ত, কি করবে তুমি! করবে বিয়ে নাইট-নদিনী?

প্রশান্ত—লুসিকে বিয়ে করবার যদি কোন সন্তান। থাকে তাই—

নিধিল—তা'হলে তুমি বিয়ে করবে?

প্রশান্ত—যদি সন্তুষ্ট হয়—

নিধিল—বটে! তা'হলে তোমাকে নাচ্তে হবে।

প্রশান্ত—দরকার হয় শিখে নেব।

নিধিল—তা'হলে এস,—এখনই তোমার নাচ্তে হবে।

প্রশান্ত—এখনই! কি পাগল! আরে, ছাড়, ছাড়—

নিধিল—কোন কথা নৱ—নাচ, নাচ—এমনি করে'—

(শুরে) পাহাড়ী দেশের বন্ধু আমার
স্বপ্নে আমার ডাকে—"

প্রশান্তকে ধরিয়া নাচের ভঙ্গী দেখাইতে লাগিল।

ঠিক মেই সময়ে পিছনের দরজা দিয়া সকলে প্রবেশ
করিয়া হাততালি দিয়া উঠিল—

লুসি—এক্সেলেণ্ট, এক্সেলেণ্ট!

ডলি—এন্কোর, এন্কোর—!

যবনিক।

द्वितीय अङ्क

प्रथम दृश्य

तारंडी कलाभवन । मेस्सेरा केउ-वा ओरे आहे,
केउ-वा बसे' आहे, अर्गाने बसे' आहे' तिमिर ।
से मारो मारो अर्गाने टोका दिल्ले ।

नीला—निउ एम्पायराऱ्हेर नाइट कबे तिमिर-दा ?

रास—याकू बाचा गेल । सातकाण रामायण पडे' दीता कार वाबा !

तिमिर—नाइट तो काळ ।

शास्ति—प्रेमे पडेछिस नाकि रे नीला ? तोर वे आजकाळ आर किचुइ
थेवाल थाके ना !

नीला—ठेठा करूचि भाई, किस्त ठिक लोक पाच्छि ना ।

शास्ति—लोक कि खूंजे वा'र करूते हय ?

नीला—तबे कि लड्यार्ट फार्ट छाइट ? ता'हले काळ युम थेके उठे
प्रथम यार मुख देख-व—

इला—तार मजेहे प्रेमे पड्या—सेही रूपकथार राजकृतार मतो !

नीला—से राजकृतारां किस्त पहनू छिल । आमादेर सेट थाकूले
चल्बे ना ! देखते हबे शुभ प्रसाद आहे कि ना !

तिमिर—रासविहारी कि आवार लङ्घी याच्छ नाकि ?

रास—आर भाई, से कधा मने करियावे दिल्लो ना ।

तिमिर—काळ तो खूब रोगे बेरियावे गेले । मने करलूम बुवी केशवी
बाईयावे बरात खुल्ला । आज देखि आवार ठिक एसे धपड्याही
पिट्ठेते शुक करोह ।

ଶ୍ରୋତେଯ କୁଳ

ରାଜ—ମନେ କରେଛିଲାମ ଶୂକରେର ଚାଷ କରିବ, ତା' ସଥିନ ହଣୋନା, ତଥିନ ବା' କରେଛିଲାମ, ତାଇ କରି—

ତିଥିର ଏକଟା ଗାନ ବାଜାଛିଲ, ଅଞ୍ଚଳ ମେରେବା ଓଣ ଭୁଣ କରେ' ଗାନ ଧରିଦେଇ—

ତିଥିର—ଉଠ ଉଠ ସବ । ଶୁଣେ-ବସେ ଗାନ ହୁଏ ନା,—ଉଠ ।

ଶାନ୍ତି—ବଡ଼ ବିରକ୍ତ କରିତେ ପାରୋ ତିଥିର-ଦା ! ବେଶ ତୋ ଆଛି—

ନୀଳା—କଥାମାଳାଯ ପଡ଼ୋନି—ଏକ ରାଥାଳ ବାଲକ ଛିଲ, ନା-ଶୁଣେ ଲେ ଗାନ ଗାଇତେ ପାରିତୋ ନା !

ତିଥିର—କିନ୍ତୁ ତା'କେ ଶୋଭାବାର ଜନ୍ମ ଶେଷଟାମ ଯେ ଡାଙ୍ଗାର ବ୍ୟବହା କରା ହେଲିଲ, ଲେ କଥାଟାଓ ପଡ଼େଇ ତୋ !—ତୋମାହେରଓ କି ଲେଇ ବ୍ୟବହା କରିତେ ହବେ ନାକି ? Come on ଇଲା !

ତିଥିର ଓ ଇଲା ଗାହିଲ

ଏମ ମନ-ମଳିରେ ମୋର ଶୂନ୍ୟ ହେ ବକୁ ମୟ,—

କାନ୍ତନ ବାତାଦେ ଫୁଲେର ଶୁବାଦେ

ଏମ ହେ ଚିତ୍ର ପ୍ରିୟଭୟ !

ଏମ ହୁରିଲେ ମେଘ-ଅଞ୍ଚଳ ଢାକି'—

ଏମ ବିଜ୍ଞାତେ ଧୀର ଆଧି,

ଏମ ବଜ୍ଜେ ଚରଣ ମାଧି,

ଏମ କୃକ କାଳଳ ମାଧି,

ନାଚିଯା ଝଣୁ ଝଣୁ ଧର ଧରିଯଥେ

ଆସିଓ ବାହଳ ମୟ ।

ଇଲା—ମତି, ଭାରି ପିପାଳା ପେନ୍ଦେଇ—ଏକଟୁ ଚା ଧାଇବାଓ ନା ତିଥିର-ଦା ।

ତିଥିର—ଏହି ଧାଃ, ମାନିବ୍ୟାଗଟା ଫେଲେ ଏଲେହି ।

জ্বোতের কূল

নৌলা—হাম হায় ! কিন্তু, কবেই-বা তোমার শানিব্যাগ আন্তে যনে থাকে
তিমির-দা।

ইলা—আর, ক্লাবে এসে তিমিরদা-ই বা চা খাওয়াবে কেন ? কর্তারা
কোথায় ? কারোই তো দেখা নেই।

তিমির—দাড়াও, তা'দের কুজন আগে সারা হোক !

“.....কপোত-দম্পতি

বসি' শান্ত অকল্পিত চম্পকের ডালে,
ফন চঙ্গ-চুম্বনের অবসর-কালে,
নিভৃতে করিছে কোথা বিহুল কুজন ।”

ইলা—কোটেশান্টা ঠিক খাপ খেলো না ; ডলি-দি আর মোহিত-দা তো
দম্পতি নয় !

শান্তি—কেন ? মন্ত্র পড়া ইয়নি বলে' ? তোমার দিদিমার আশলে জন্ম
নেওয়া উচিত ছিল ইলা-দি ।

ইলা—তা'হলে নিধিল বাবু ?

রাম—তাকে বলা যেতে পারে নিত্বর । অর্থাৎ, যে বর মন্ত্র পড়ে' নিত্
বা রীত রকে করেন ।

সকলে হাসিল

নৌলা—তা'হলেও ইলোনা ! তা'রা কি আর চম্পকের ডালে বলে' চঙ্গ-চুম্বন
করছে ?

শান্তি—আচ্ছা, ডালে না হোক,—তলায় হোল !

নৌলা—সত্য ভাই, ডলি-দির বরাত ভালো । নিধিল বাবু শান্তেও নেই—
পাঁচেও নেই ।

রাম—ঠিক বেন রাজা শুধির্ভির । অবশেষ যজ্ঞ করে' ঘোড়া ছেড়ে
বিয়েহেন,—লে দিদিক্ষয় করে' বেড়াচ্ছে !

সকলের হাসি ।

ଝୋଜେର କୁଳ

ଡଲି ଓ ମୋହିତେର ଅବେଶ

ଡଲି—କିମେ, ଥାଲି ହାସାହାସିଇ କଛିସ୍, କାଳ ସେ ନିଉ ଏମ୍ପାରାରେକ
ନାଇଟ !

ମୌଳା—ଡଲି-ଦି, ଦସ୍ତା କରେ' ଆମାର ଏକଟୁ ଉପକାର କରିବେ ତାହି ?

ଡଲି—କି ?

ମୌଳା—ଏକଟା ପାସ୍‌ପୋଟେର ଜଣ୍ଠ ସହି ତୁମି ନିଖିଲ ବାବୁର କାହେ ଆମାକେ
ଏକଟୁ ରେକରେଣ୍ଡ କରେ' ନାଓ !

ଡଲି—କେନ ? କୋଥାର ସାବି ?

* ମୌଳା—ଧାବ ନା କୋଥାରଙ୍ଗ । ତିନି ସହି ଦସ୍ତା କରେ' ଆମାର ବିରେ କରେନ,
ତା'ହଲେ ଆମାର ପାସ୍‌ପୋଟେର କାଜ ହସ । କୁମାରୀ ଥାକାର
ରିଙ୍କ, ଅନେକ, କିନ୍ତୁ ବିଯେ ହସେ ଗେଲେ କୋନ ରିଙ୍କ ନେଇ । ବିଶେଷ,
ସହି ନିଖିଲ ବାବୁର ମତୋ ସ୍ଵାମୀ ହସ,—ଧାର କୋନ ତା'ତେହେ
ଦୁଃ-ତାପ ନେଇ !

ଡଲି—(ଚଟିଆ) ତା'ର ମାନେ ? ଏସବ କଥାର ମାନେ କି ?

ମୋହିତ—(ଡାଢାଭାଡ଼ି କଥାଟା ଚାପା ଦିତେ) ଓର କଥାର ଆବାର ମାନେ ଆହେ
ମା କି ? ଥାଲି ଜ୍ୟାଠାମୋ । ନାଓ—ଓଠ ସବ । କାଳକେର
ପ୍ରୋଗ୍ରାମେର ରିହାର୍ସାଲ ଦିଯେ ନାଓ । ତିଥିର ! କି ବଲେ' ବଲେ'
ତୁଳଚ ! ଆଫିଂ ଥେତେ ଶୁଳ୍କ କରେଛ ନାକି ?

ତିଥିର—କି କରି ଭାଇ, ଆର ତୋ କିଛୁ ଭାଗ୍ୟ ଜୁଟୁଳ ନା !

ମୋହିତ—ନାଓ, ନାଓ, ବାଜାଓ । ରାଶବିହାରୀର ସେ ଆର ଶୁର ବାଧାଇ ଶେବ
ହସ ନା !

ରାଶ—ଶୁର ଥାଲି ନେବେ ଘାଚେ ମୋହିତ ବାବୁ, ଏକଟୁ ଚା ନା ପେଲେ ଆର
ଦୀଡାତେ ଚାଇଛେ ନା !

মোহিতের কুল

মোহিত—কেন, কেন ? চা পাওনি ? বেয়ারা—

বেয়ারার অবেদ্ধ

চা পাওনি কেন ? যত সব —

বেয়ারা—আমি কি করব বাবু। দোকানদার টাকা না পেলে—

মোহিত—টাকা না পেলে ! আমি কি পালিয়ে যাচ্ছি নাকি ! (ডলিকে)

দাও তো গোটা দশেক টাকা। (ডলি ব্যাগ খুলিয়া মোট দিল)

বেয়ারাকে দিতে দিতে)—যত সব ছোট লোক। আচ্ছা,

নাইট-টা হয়ে' যাক—তারপর দেখে নেব।

বেয়ারার অহান

